# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 28 May, 2025

‘সকলের সঙ্গে বন্ধুত্ব, কারো সঙ্গে বৈরিতা নয়’- বাংলাদেশের পররাষ্ট্রনীতি হলেও দেশের স্বাধীনতা, ভৌগলিক অখণ্ডতা ও সার্বভৌমত্বের প্রশ্নে কোনো ধরনের আপস করা হবে না বলে জানিয়েছেন বিমান বাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খান। বুধবার (২৮ মে) সকালে বাংলাদেশ মিলিটারি একাডেমিতে ৮৮তম বিএমএ দীর্ঘমেয়াদী কোর্সে রাষ্ট্রপতি কুচকাওয়াজ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা জানান।

এসময় নবীন কর্মকর্তাদের দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় নিয়োজিত থাকার পাশাপাশি প্রশিক্ষণে জোর দেয়ার আহ্বান জানান বাহিনীর প্রধান।

বিমান বাহিনী প্রধান বলেন, ‘বাংলাদেশ সেনাবাহিনীর প্রধান কাজ হচ্ছে, নন-ট্র্যাডিশনাল থ্রেডসহ সব বাহ্যিক ও আন্তঃরাষ্ট্রীয় হুমকি থেকে দেশের নিরাপত্তা ও প্রতিরক্ষা নিশ্চিত করা। তারই অংশ হিসেবে সেনাবাহিনী একের পর এক বিভিন্ন দায়িত্ব ও প্রকল্প সফল করার মাধ্যমে আজ দেশের একটি বিশ্বস্ত সংস্থায় পরিণত হয়েছে। বর্তমান সময়ে প্রযুক্তিনির্ভর যুদ্ধ, দ্রুত পরিবর্তনশীল বিশ্বের বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলায় নিজেদের সর্বদা প্রস্তুত রাখবে হবে।

পেশাদার, শৃঙ্খলাবদ্ধ ও আধুনিক সমরাস্ত্র সজ্জিত বাহিনীর কমিশনপ্রাপ্ত নতুন অফিসার দেশের স্বাধীনতা সার্বভৌমত্ব রক্ষায় সর্বোচ্চ ত্যাগ স্বীকার করবেন বলে আশা বিমান বাহিনী প্রধানের।

প্রতিবারের মতো এবারও বাংলাদেশ মিলিটারি একাডেমিতে রাষ্ট্রপতি কুচকাওয়াজের মাধ্যমে কমিশন প্রদান করা হয় নবীন অফিসারদের।এতে কমিশন পাওয়া ক্যাডেটরা ছাড়াও অংশ নেন

বিমান বাহিনী প্রধান এবং অন্যান্য অফিসার।৮৮তম বিএমএ দীর্ঘমেয়াদী কোর্সে এবার ১৫৫ জন অফিসার কমিশন লাভ করেন।কমিশন প্রাপ্তদের মধ্যে ১২৮ জন পুরুষ, ২৩ জন নারী ও ৪ জন ফিলিস্তিনি অফিসার রয়েছেন।

কৃতিত্বের সঙ্গে প্রশিক্ষণ শেষ করায় সেরা কর্মকর্তাদের মাঝে সোর্ড অব অনার, সেনাপ্রধান স্বর্ণপদকসহ অন্যান্য পদক প্রদান করেন বিমান বাহিনী প্রধান।

বিমান বাহিনী

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 11:02

URL: https://www.timestodaybd.com/chittagong/7758073079